11 MAR 2016

10 MAR 2016
পৃষ্ঠা ২০ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# খুলনা মেডিক্যাল কলেজে বহিরাগতদের হামলায় ২৮ শিক্ষার্থী আহত

■ খুলনা অফিস

খুলনা মেডিক্যাল কলেজের (কেএমসি) ছাত্রাবাসে বহিরাগত সন্ত্রাসীদের হামলায় ২৮ জন শিক্ষার্থী আহত হয়েছেন। আহতদের মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদিকে এ সংঘর্ষের ঘটনায় গতকাল বৃহস্পতিবার দুপুরে কলেজের একাডেমিক কাউন্সিলের জরুরি সভায় ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। ক্যাম্পাসের নিরাপত্তায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। কলেজে ছাত্রলীগের দুই গ্রুপের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বুধবার গভীর রাতে এই হামলার ঘটনা ঘটেছে বলে জানা গেছে।

পুলিশ ও সংশ্লিষ্ট সূত্র জানায়, খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে ছাত্রলীগের মেডিক্যাল কলেজ শাখার সভাপতি ফাহিদ ও সহ-সভাপতি ওবায়েদের মধ্যে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দ্বন্দ্ব চলে আসছে। তারা কলেজ ক্যাম্পাসে মাদকসহ অনৈতিক কাজের জন্য একে অপরকে দোষারোপ করে থাকে। এর জের ধরে গত বুধবার গভীর রাতে সভাপতি গ্রুপ বহিরাগতদের সহযোগিতায় মেডিক্যাল কলেজের আচার্য প্রফুল্ল চন্দ্র ছাত্রাবাসে হামলা চালায়। এতে কমবেশি ২৮ ছাত্র আহত হন।

এ বিষয়ে সংশ্লিষ্ট ওয়ার্ডের সহকারী রেজিস্ট্রার ডা. সুব্রত জানান, আহত ছাত্ররা সকলেই শঙ্কামুক্ত। তবে তৌফিকের আঘাত কিছুটা গুরুতর। তার হাতের কয়েকটি আঙ্গুল ক্ষতিগ্রস্ত হয়েছে।

সোনাডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুকুমার পৃষ্ঠা ২ কলাম ৩

## খুলনা মেডিক্যাল কলেজে

২০ পৃষ্ঠার পর

বিশ্বাস জানান, ছাত্রলীগের অভ্যন্তরীণ দ্বন্দ্বের জের ধরে এ হামলার ঘটনা ঘটেছে। হামলায় বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হয়ে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি হয়েছেন। ক্যাম্পাসের নিরাপত্তায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।